

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা প্রাণিসম্পদ দপ্তর  
কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা।



২০২০-২০২১ অর্থ বছরে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা সংক্রান্ত নৈতিকতা কমিটির ২য় কোয়ার্টারের সভার কার্যবিবরণী

সভাপতি : ডা. মোহাম্মদ ইসমাইল হোসেন, ইউএলও, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা।  
সভার তারিখ : ২৩/১২/২০২০ খ্রি।  
সভার স্থান : উপজেলার প্রাণিসম্পদ দপ্তরের সভা কক্ষ।  
সময় : বেলা ১২.০০ ঘটিকা।

সভার উপস্থিতি পরিশিষ্ট - "ক" দ্রষ্টব্য।

সভার শুরুতে সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর সভাপতি এপিএ টিমের ফোকাল পয়েন্ট ডা. এ.কে.এম. রকিবুল হাসানকে সভা সঞ্চালনা, সভা আহবানের উদ্দেশ্য ও অন্যান্য বিষয়ে বিস্তারিত উপস্থাপনের জন্য নির্দেশ প্রদান করেন। সভাপতির নির্দেশনা মোতাবেক জনাব ডা. এ.কে.এম. রকিবুল হাসান ২০২১ অর্থ বছরের APA এর আবশ্যিক কৌশলগত উদ্দেশ্য সমূহের কার্যক্রম এর লক্ষ্যমাত্রা অর্জনে (অক্টোবর- ডিসেম্বর-২০২০) শুদ্ধাচার উত্তম চর্চার বিষয়ে আয়োজিত সভায় অংশগ্রহনকারীদের উন্মুক্ত আলোচনার আহবান জানান।

সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্রম	বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
০১	প্রাতিষ্ঠানিক ব্যবস্থা	উপজেলা প্রাণিসম্পদ দপ্তর, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা এর নৈতিকতা কমিটির সভা নিয়মিত অনুষ্ঠিত হবে।	নৈতিকতা কমিটি / সংশ্লিষ্ট কর্মকর্তা
০২	দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন	লক্ষ্যমাত্রা অনুযায়ী অংশীজনের অংশগ্রহনে এবং দাপ্তরিক বিষয়ে কর্মচারীদের প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা করা।	ভিএস
০৩	শুদ্ধাচার প্রতিষ্ঠায় সহায়ক আইন ও বিধির বাস্তবায়ন	মোবাইল কোর্ট পরিচালনা করার মাধ্যমে শুদ্ধাচার প্রতিষ্ঠায় সহায়ক আইন ও বিধির বাস্তবায়ন করা।	ভিএস
০৪	ওয়েব সাইটে সেবা বক্স হালনাগাদকরণ	জাতীয় তথ্য বাতায়নের সকল সেবা বক্স হালনাগাদ করা।	ভিএস
০৫	সুশাসন প্রতিষ্ঠা	আভ্যন্তরীণ কার্যক্রম নিবিড় পর্যবেক্ষণের জন্য অনলাইন গ্রুপ চালু করা।	ভিএস
০৬	প্রকল্পের ক্ষেত্রে শুদ্ধাচার	প্রকল্পের বার্ষিক ত্রয় পরিকল্পনার অনুমোদন নেওয়া।	প্রশাসন বিভাগ
০৭	ত্রয়ের ক্ষেত্রে শুদ্ধাচার	ত্রয় পরিকল্পনার অনুমোদন ওয়েবসাইটে প্রকাশ করা	ভিএস
০৮	স্বচ্ছতা ও জবাবদিহিতা	সিটিজেন চার্টার দৃশ্যমান স্থানে প্রদর্শনের ব্যবস্থা করা।	এসএএলও (প্রাণিস্বাস্থ্য)
০৯	শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক অন্যান্য কার্যক্রম	পশুখাদ্য বিক্রোতা ও খামার নিবন্ধনের ব্যবস্থা জোরদার করা।	এসএএলও (সম্প্রসারণ)
১০	শুদ্ধাচার চর্চার জন্য পুরস্কার প্রদান	শুদ্ধাচার চর্চার জন্য কর্মকর্তা, কর্মচারী ও স্বেচ্ছাসেবীদের ১ টি করে পুরস্কার প্রদান করার সিদ্ধান্ত হয়।	সংশ্লিষ্ট উপকমিটি
১১	কর্মপরিবেশ উন্নয়ন	দপ্তরের অভ্যন্তর ও বাহির পরিষ্কার পরিচ্ছন্ন রাখতে সপ্তাহে একদিন পরিচ্ছন্নতা অভিযান পরিচালনা করা।	সংশ্লিষ্ট উপকমিটি

A.